# DeKalb County School District প্রাক-কিন্ডারগার্টেন (3&4) প্রোগ্রামের অনলাইন নিবন্ধনের ক্ষেত্রে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## 2025-2026 প্রাক-কিন্ডারগার্টেন (3&4) প্রোগ্রামের অনলাইন প্রাক-লটারিতে অংশগ্রহণকারীরা

*এই বিভাগ 2025-2026 প্রাক-কিন্ডারগার্টেন (3&4) অনলাইন লটারির আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে আগ্রহী বাবা-মা/অভিভাবকদের তথ্য প্রদান করে। পরের ধাপের জন্য এই নথির অবশিষ্ট বিভাগ পড়তে ভুলবেন না।*

**প্রাক-কিন্ডারগার্টেন (3&4) প্রোগ্রামে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স কত হতে হবে?**
2025-2026 স্কুল বছরে যোগ্য হওয়ার জন্য আপনার সন্তানের জন্ম তারিখ নিম্নরূপ বা এর মধ্যে হতে হবে: প্রি-K4 এর জন্য 2 সেপ্টেম্বর, 2020- 1 সেপ্টেম্বর, 2021 এবং প্রি-K3 এর জন্য 2 সেপ্টেম্বর, 2021-1 সেপ্টেম্বর, 2022।

**আমার সন্তান প্রি-K3 লটারির মাধ্যমে সিট পেলে এবং চলতি স্কুল বছরে Coralwood Center, Early Learning Center, এবং/অথবা প্রি-K3 সম্প্রসারণ স্থানে প্রি-K3 ক্লাসে অংশগ্রহণ করলে কি প্রি-K4-এর জন্য তাদের বর্তমান অবস্থানে থাকার অনুমতি দেওয়া হবে?**
Coralwood Center, Early Learning Center, এবং প্রি-K3 সম্প্রসারণ ক্লাস হলো বিশেষায়িত প্রোগ্রাম যা ডিপার্টমেন্ট অফ আর্লি লার্নিং অ্যান্ড প্রি-কে প্রোগ্রাম-এর আওতাধীন, তাই শিক্ষার্থীরা **প্রোগ্রাম আর্টিকুলেশনের** মাধ্যমে তাদের বর্তমান সাইটে প্রি-কে-তে আর্টিকুলেশন করার বিকল্প পাবে। বর্তমান অবস্থানে থাকার লক্ষ্যে বাবা-মায়েদের জন্য **ইনটেন্ট টু রিটার্ন** ফরম পূরণ করার বিকল্প থাকবে। **ইন্টেন্ট টু রিটার্ন** ফরম পূরণ করতে ব্যর্থ হলে আসন্ন স্কুল বছরের জন্য আপনার সন্তানের বর্তমান অবস্থানে প্রি-K4 সিট বাতিল হয়ে যাবে। যেসব বাবা-মা তাদের সন্তানের বর্তমান অবস্থানে প্রি-K4 নির্দেশনামূলক অভিজ্ঞতার জন্য ফিরে যেতে **অস্বীকৃতি জানান**, তাদের জোনযুক্ত হোম স্কুলে আসন্ন লটারিতে সিট নিশ্চিত করা হবে **না**। **যেসব বাবা-মা এই বিকল্প নির্বাচন করবেন তাদেরকে প্রি-K4 এর জন্য তাদের জোন স্কুলের লটারির জন্য আবেদন করতে হবে। ইন্টেন্ট টু রিটার্ন ফরম বাতিল করেছেন অথবা স্বাক্ষর করেছেন এমন সকল বর্তমান প্রি-K3 শিক্ষার্থীদের বাবা-মায়েদের লটারিতে অংশগ্রহণের জন্য আবেদনপত্র পূরণ করতে হবে।**

**আমার সন্তান DeKalb County School District (DCSD)-এর উপস্থিতি অঞ্চলের বাইরে থাকলে সে কি প্রি-K (3&4) প্রোগ্রামে অংশগ্রহণের যোগ্য?**
না। আপনার বাড়ির ঠিকানা DeKalb County School District-এর জন্য আঞ্চলভুক্ত করা না হলে আপনি অংশগ্রহণের যোগ্য নন। আপনার ঠিকানা DCSD-এর জন্য আঞ্চলভুক্ত করা হয়েছে মর্মে নিশ্চিত না হলে আপনি আপনার ঠিকানা যাচাই করার জন্য অনুগ্রহ করে স্কুল লোকেটারে যান।

**আমি কি একাধিক স্কুলের জন্য আবেদন করতে পারি?**
না। আপনি থিম স্কুল, Coralwood, এবং/অথবা প্রযোজ্য হলে আর্লি লার্নিং সেন্টার, অথবা আপনার হোম স্কুলের জন্য আবেদন করতে পারেন। আপনি কোনো থিম স্কুল, Coralwood, অথবা আর্লি লার্নিং সেন্টারের জন্য আবেদন করতে চাইলে এবং আপনাকে নির্বাচিত না করা হলে আপনাকে স্বয়ংক্রিয়ভাবে অপেক্ষমান তালিকায় রাখা হবে।

**আমার সন্তান কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হওয়া সত্ত্বেও রাষ্ট্রীয় অর্থায়নে পরিচালিত প্রি-K4 প্রোগ্রামে অংশগ্রহণ না করলে কি তারা প্রি-K4 প্রোগ্রামে ভর্তির যোগ্য?**
2025-2026 শিক্ষাবর্ষে প্রাক-কিন্ডারগার্টেন4 শিক্ষার্থী হিসেবে যোগ্য হতে হলে আপনার সন্তানের এমন এক স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (IEP) থাকতে হবে, যা তাদের কিন্ডারগার্টেন বছর একটি অন্তর্ভুক্তি (সহ-শিক্ষা) প্রাক-কিন্ডারগার্টেন4 ক্লাসরুমে কাটানোর প্রয়োজনীয়তা চিহ্নিত করে।

**প্রাক-কিন্ডারগার্টেন (3&4) প্রোগ্রামে ভর্তির জন্য কি আমার সন্তানকে পটি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে?**

আপনার সন্তান পোশাক পরা, পোশাক খোলা এবং টয়লেটের প্রয়োজনীয়তার মতো আত্ম-সহায়তার কাজ সামলাতে সক্ষম হবে বলে প্রত্যাশা করা হয়। প্রাক-কিন্ডারগার্টেন (3&4)-এ ভর্তির আগে শিশুদের পটি প্রশিক্ষণ দেওয়া উচিত। কোনো দুর্ঘটনা ঘটলে বাবা-মায়েদের ডাকা হবে এবং তাদেরকে সন্তানের পোশাক পরিবর্তন করার জন্য স্কুলে আসতে হবে। শিক্ষার্থীদের পুল-আপ পরিধান করে স্কুলে যাওয়ার অনুমতি নেই, যদি না তা ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (IEP) বা 504 পরিকল্পনার অংশ হিসাবে উল্লেখ করা হয়, এবং শিশু কোনো সহযোগী ক্লাসে থাকার কারণে তাকে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষক/সহায়ক দ্বারা সহায়তা করার সুযোগ থাকে।

**একজন DCSD কর্মচারী হিসেবে আমি কি প্রাক-কিন্ডারগার্টেন (3&4) লটারিতে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি সুবিধা পাব?**
না। একজন DCSD কর্মচারী হিসাবে আপনাকে অবশ্যই অন্য সবার মতো একই লটারি প্রক্রিয়া অনুসরণ করতে হবে। তবে, কর্মচারীদের প্রাক-কিন্ডারগার্টেন (3&4) লটারিতে প্রবেশের জন্য নির্দিষ্ট কিছু শর্ত রয়েছে। DeKalb প্রাক-কিন্ডারগার্টেন (3&4) লটারিতে কর্মচারী অংশগ্রহণ স্মারকের জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষ অথবা আর্লি লার্নিং এবং প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রাম বিভাগের সাথে যোগাযোগ করুন।

**আমার চার বছর বয়সী সন্তানের একটি IEP আছে এবং বর্তমানে সে DCSD-তে ভর্তি হয়নি। সে লটারিতে নির্বাচিত হলে কি আমার হোম স্কুলে থাকবে?**
বর্তমান ইব্যক্তিগত শিক্ষা পরিকল্পনার (IEP) কোনো আবেদনকারীকে ব্রাইট ফ্রম দ্য স্টার্ট (BFTS) সাধারণ শিক্ষা প্রাক-কিন্ডারগার্টেন4 ক্লাসরুমে যোগদানের জন্য নির্বাচিত করা তাহলে আবেদনকারীকে শিক্ষার্থীর ব্যক্তিগত চাহিদার উপর ভিত্তি করে BFTS অন্তর্ভুক্তি ক্লাসরুমে স্থানান্তরিত করা যেতে পারে। নোট: থিম স্কুলগুলোতে BFTS অন্তর্ভুক্ত শ্রেণিকক্ষ নেই।

**আমার তিন বছর বয়সী সন্তানের একটি IEP আছে এবং সে ইতোমধ্যেই একটি DCSD ব্যতিক্রমী শিক্ষা ক্লাসে ভর্তি হয়েছে, আমার কি প্রাক-কিন্ডারগার্টেন (3&4) এর জন্য নিবন্ধন করা উচিত?**
প্রাক-কিন্ডারগার্টেন (3&4) লটারির শিক্ষার্থীদের এলোমেলো লটারি নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচন করা হলেও ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনার (IEP) শিক্ষার্থীরা IEP টিমের সিদ্ধান্তের অংশ হিসাবে বিশেষ শিক্ষায় ভর্তির সুযোগ পায় যা শিক্ষার্থীর IEP দ্বারা প্রয়োজনীয় অনন্য, ব্যক্তিগত চাহিদা, শিক্ষার্থী সহায়তা এবং সেবার বিষয় বিবেচনা করে থাকে। প্রাক-কিন্ডারগার্টেন (3&4) লটারিতে প্রবেশের আগে আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য সবচেয়ে উপযুক্ত শৈশবকালীন পরিবেশ সম্পর্কে প্রশ্ন থাকলে আপনার সন্তানের IEP কেস ম্যানেজার, বিশেষ শিক্ষার প্রধান শিক্ষক অথবা ব্যতিক্রমী শিক্ষা বিভাগের সাথে @ https://www.dekalbschoolsga.org/exceptional-education-এ যোগাযোগ করার পরামর্শ দেওয়া হচ্ছে।

**প্রাক-কিন্ডারগার্টেন (3&4) লটারিতে আবেদন করার জন্য একজন শিক্ষার্থীর কী কী নথিপত্র প্রয়োজন?**
জন্মের প্রমাণ, আইনি অভিভাবকত্বের প্রমাণ (বাবা-মা/ অভিভাবকের নাম জন্ম সনদে না থাকলে), বাবা-মা/ অভিভাবকের পরিচয়ের প্রমাণ, এবং রেসিডেন্সি'র প্রমাণ। "প্রয়োজনীয় নথিপত্র" বোতামে ক্লিক করে অথবা https://www.dekalbschoolsga.org/pre-k/লিঙ্কে ক্লিক করে বিস্তারিত তথ্যসহ সমস্ত প্রয়োজনীয় নথির একটি বিস্তৃত তালিকা পাওয়া যাবে।

**আমি 2025-2026 শিক্ষাবর্ষে প্রাক-কিন্ডারগার্টেন (3&4) অনলাইন লটারির জন্য আবেদন করতে প্রস্তুত, এরপর আমার কী করা উচিত?**
এই নথির বাকি অংশ সম্পূর্ণ পড়ার পর এবং লটারির আবেদন উইন্ডো খোলা হলে নিচের লিঙ্কে পাওয়া "এখনই আবেদন করুন" বোতামে ক্লিক করুন। এটি আপনাকে সেই ওয়েবসাইটে নিয়ে যাবে যেখানে আপনি প্রাক-কিন্ডারগার্টেন (3&4) অনলাইন লটারির আবেদন শুরু করবেন। ওয়েবসাইটের স্বাগত পৃষ্ঠায় আপনি আবেদন প্রক্রিয়ায় আপনাকে সহায়তা করার লক্ষ্যে দিকনির্দেশনা পাবেন। https://www.dekalbschoolsga.org/pre-k/

## 2025-2026 প্রাক-কিন্ডারগার্টেন (3&4) অনলাইন লটারিতে অংশগ্রহণকারীরা

*এই বিভাগে 2025-2026 অনলাইন লটারি প্রক্রিয়ায় অংশগ্রহণকারী বাবা- মা/ অভিভাবক যাদের বাচ্চা ভর্তির সুযোগ পেয়েছে বা অপেক্ষামান তালিকায় আছে তাদের জন্য তথ্য রয়েছে। সকলের জন্য গুরুত্বপূর্ণ তথ্য (Important Information for All) নামের শেষ বিভাগটি পড়তে ভুলবেন না।*

### যদি লটারিতে আমার বাচ্চা ভর্তির সুযোগ পায় তাহলে তারপর কি করতে হবে?

আপনার সন্তান লটারিতে সিট পেলে এবং আপনি সিট গ্রহণ করতে চাইলে অনুগ্রহ করে 14 দিনের মধ্যে প্যারেন্ট ড্যাশবোর্ডে অবস্থিত গ্রহণ বোতামে ক্লিক করবেন। আপনি সিট প্রত্যাখ্যান করতে চাইলে অনুগ্রহ করে 14 দিনের মধ্যে প্রত্যাখ্যান বোতামে ক্লিক করবেন। যদি নথি পঠনযোগ্য বা মেয়াদোত্তীর্ণ হয় তাহলে স্কুল আবার নথি পাঠানোর জন্য বলতে পারে। আপনি যদি কোনো প্রত্যাবর্তনকারী DCSD অভিভাবক হন যার একটি শিশু ইতোমধ্যেই ডিসট্রিক্টে ভর্তি রয়েছে, তাহলে আপনি প্যারেন্ট পোর্টাল ব্যবহার করে আপনার নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবেন। প্রয়োজনে সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্কুলের রেজিস্ট্রারের সাথে যোগাযোগ করুন। আপনি https://www.dekalbschoolsga.org/online-registration/-এ বিদ্যমান DeKalb County Online Registration পোর্টাল ব্যবহার করে আপনার "নতুন শিক্ষার্থী" অনলাইন নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবেন।

### লটারি প্রক্রিয়ার সময় আমার সন্তান অপেক্ষমান তালিকায় থাকলে আমার পরবর্তী পদক্ষেপ কী হবে?

লটারির জন্য নির্বাচিত না হওয়া যেকোনো শিক্ষার্থীকে স্বয়ংক্রিয়ভাবে অপেক্ষমাণ তালিকায় রাখা হবে। আপনার অপেক্ষমান তালিকা নম্বর পেতে অনুগ্রহ করে আপনার প্যারেন্ট পোর্টালে লগ ইন করুন। সিট বাতিল বা বাজেয়াপ্ত হলে স্কুল অপেক্ষমাণ তালিকার পরবর্তী পরিবারকে অবহিত করবে। একই সময়, আপনার বাচ্চার ভর্তি সুরক্ষিত করার জন্য আপনাকে পরবর্তী ধাপগুলো সম্পন্ন করতে হবে। স্কুল রেজিস্ট্রেশনের ভারপ্রাপ্ত কর্মীকে জানাবে এবং ইমেলে কি কি নথি পাঠাতে হবে তার নির্দেশিকা বাবা-মা/অভিভাবককে জানাবে।

## নতুন আবেদনকারী যারা 2025-2026 শিক্ষাবর্ষে প্রাক-কিন্ডারগার্টেন (3&4)-এর অনলাইন লটারিতে অংশগ্রহণ করেননি

*এই বিভাগ সেসব বাবা- মা/ অভিভাবকের তথ্য প্রদান করে যারা 2025-2026 শিক্ষাবর্ষে প্রাক-কিন্ডারগার্টেন (3&4) অনলাইন লটারি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেননি। "**সবার জন্য গুরুত্বপূর্ণ তথ্য**" শিরোনামের শেষ অংশটি অবশ্যই পড়বেন।*

### আমার পরিবার লটারিতে অংশগ্রহণ না করলে আমি কিভাবে আমার সন্তানের প্রাক-কিন্ডারগার্টেন (3&4) সিটের জন্য আবেদন করতে পারি?

স্কুলের সঙ্গে যোগাযোগ করে জেনে নিন আসন খালি আছে কিনা। যদি আসন থাকে, তাহলে অনুগ্রহ করে পরবর্তী প্রশ্ন দেখুন। তাদের সিট খালি না থাকলে আপনি অপেক্ষমান তালিকার আবেদনপত্র পূরণ করতে পারেন এবং আবেদনপত্র ও শিশুর জন্ম সনদ উভয়ই ইলেকট্রনিকভাবে স্কুলের নিবন্ধন সংশ্লিষ্ট মনোনীত ব্যক্তির কাছে ইমেইলের মাধ্যমে পাঠাতে পারেন। আপনার স্কুলের রেজিস্ট্রেশনের ভার কার উপর রয়েছে, সেই নিয়ে আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে স্কুলে যোগাযোগ করুন। অপেক্ষমান তালিকার আবেদন ডিসট্রিক্ট প্রাক-কিন্ডারগার্টেন ওয়েবসাইটের ওভারভিউ ট্যাবের নিচে পাওয়া যাবে। www.dekalbschoolsga.org/pre-k

### স্কুলে সিট খালি থাকলে প্রাক-কিন্ডারগার্টেন (3&4)-এর জন্য নিবন্ধনের পরবর্তী পদক্ষেপগুলো কী কী?

নিম্নলিখিত লিঙ্কে ক্লিক করে 2025-2026 নতুন শিক্ষার্থীর নিবন্ধনের আবেদন ভার্চুয়ালভাবে সম্পূর্ণ করুন: https://www.dekalbschoolsga.org/online-registration/new-students/। আপনি যদি কোনো প্রত্যাবর্তনকারী DCSD অভিভাবক হন যার একটি শিশু ইতোমধ্যেই ডিসট্রিক্টে ভর্তি রয়েছে, তাহলে আপনি প্যারেন্ট পোর্টাল ব্যবহার করে আপনার নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবেন। প্রয়োজনে সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্কুলের রেজিস্ট্রারের সাথে যোগাযোগ করুন।

**প্রাক-কিন্ডারগার্টেন (3&4)-এর জন্য নিবন্ধনের লক্ষ্যে শিক্ষার্থীর কী কী নথিপত্র প্রয়োজন?**
https://www.dekalbschoolsga.org/pre-k/-লিঙ্কে বিদ্যমান “প্রয়োজনীয় নথি” ট্যাবে ক্লিক করে সমস্ত প্রয়োজনীয় নথির বিস্তৃত তালিকা পাওয়া যাবে।

**2025-2026 নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশনের আবেদন সম্পূর্ণ করার পর কী হবে?**
পরবর্তী পদক্ষেপের জন্য আপনার স্থানীয় স্কুল আপনার সাথে যোগাযোগ করবে।

## সকলের জন্য গুরুত্বপূর্ণ তথ্য (Important Information for All)

**যদি আমি স্কুল শুরুর সময় টিকাকরণের ফরম 3231 প্রদান না করি তাহলে কি হবে?**
DCSD নীতিতে বলা হয়েছে যে, শিশু স্কুল শুরু করার বা মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখের 30 দিনের মধ্যে ফাইলে অবশ্যই তার স্বাস্থ্য টিকাদান ফরম 3231 রাখতে হবে। এই নথি ইলেকট্রনিকভাবে পেতে এবং পাঠাতে আপনার কোনো অসুবিধা হলে অনুগ্রহ করে আপনার স্কুলে ইমেইল করবেন। স্কুলের প্রথম দিনের 30 দিনের মধ্যে ফরম সরবরাহ করা না হলে ফরম বা অ্যাপয়েন্টমেন্টের প্রমাণ ছাড়া শিশু ক্লাসে ফিরে যেতে পারবে না। অ্যাপয়েন্টমেন্টের পরে কোনো আপডেট ফরম ছাড়া বাচ্চাটি ক্লাসে ফিরতে পারবে না। এই ফরম সরবরাহ না করার কারণে শিশু টানা 10 দিন অনুপস্থিত থাকলে প্রাক-কিন্ডারগার্টেন (3&4)-এ শিশুর সিট বাজেয়াপ্ত করা হবে।

**যদি আমি স্কুল শুরুর সময় শ্রবণ, দৃষ্টিশক্তি, দাঁত ও পুষ্টির ফরম 3300 প্রদান না করি তাহলে কি হবে?** DCSD নীতিতে বলা হয়েছে যে, স্কুল শুরু করার বা মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখের 90 দিনের মধ্যে এই ফরম অবশ্যই ফাইলে রাখতে হবে। এই নথি ইলেকট্রনিকভাবে পেতে এবং পাঠাতে আপনার কোনো অসুবিধা হলে অনুগ্রহ করে আপনার স্কুলে ইমেইল করবেন। স্কুলের প্রথম দিনের 90 দিনের মধ্যে ফরম সরবরাহ না করা হলে শিশু ক্লাসে ফিরে যেতে পারবে না, যার ফলে শিশুকে প্রোগ্রাম থেকে প্রত্যাহার করা হতে পারে।

**প্রাক-কিন্ডারগার্টেন (3&4) শিক্ষার্থীদের জন্য কি কোনো উপস্থিতি নীতিমালা আছে?**
হ্যাঁ, প্রাক-কিন্ডারগার্টেন (3&4) শিক্ষার্থীদের জন্য একটি উপস্থিতি নীতিমালা আছে। শিক্ষার্থীরা পুরো শিক্ষা বছর জুড়ে পূর্ণ শিক্ষাদান দিবসে অংশগ্রহণ করবে এবং উপস্থিত থাকবে বলে প্রত্যাশা করা হয়। কোনো শিশু কোনো চিকিৎসাগত কারণ ছাড়াই টানা দশ দিন অনুপস্থিত থাকলে অথবা দেরিতে আসলে ডিসট্রিক্টের উপস্থিতি প্রোটোকল এবং ব্রাইট ফ্রম দ্য স্টার্ট কর্তৃক প্রতিষ্ঠিত নির্দেশিকা অনুসারে শিশুকে ক্লাস থেকে প্রত্যাহার করা হবে। এছাড়াও যদি বাচ্চা নিয়মিত বিলম্ব করে বা স্কুল থেকে তাড়াতাড়ি চলে যায় তাহলে কাউন্সেলর এবং/অথবা সমাজকর্মী বাবা-মা/অভিভাবকের সঙ্গে যোগাযোগ করবে।

**প্রাক-কিন্ডারগার্টেন (3&4) শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবকদের জন্য কি অংশগ্রহণের কোনো শর্ত আছে?**
হ্যাঁ, বাবা-মা/অভিভাবক বছরে কমপক্ষে দুইবার এবং প্রয়োজনে আরও বেশি বাবা-মা/অভিভাবকদের জন্য নির্ধারিত সভা এবং সম্মেলনে অংশ নিতে হবে। স্কুল এবং/অথবা প্রাক-কিন্ডারগার্টেন (3&4) শিক্ষক আপনাকে বৈঠক/কনফারেন্সের সময় এবং সাক্ষাতের নির্ধারিত দিন ও সময় জানাবেন। এসব কার্যক্রম প্রায় এক ঘণ্টা স্থায়ী হবে।
**আমার যদি এমন কোনো প্রশ্ন থাকে যেটার উত্তর FAQ-তে নেই তখন কী হবে?**

প্রারম্ভিক শিক্ষা এবং প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রাম বিভাগের সাথে PreKRecords@dekalbschoolsga.org ঠিকানায় যোগাযোগ করতে দ্বিধা করবেন না।